দৈনিক সংবাদ 184
তারিখ MAY 3 1999
পৃষ্ঠা ১২ কলাম ৪

# ছাত্রদলের নয়া কর্মসূচি

(নিজস্ব বার্তা পরিবেশক)

জাতীয়তাবাদী ছাত্রদল ১২ দফা দাবিতে থানা, জেলা ও বিভাগীয় শহরে ছাত্র সমাবেশ ও স্মারকলিপি দেয়ার নয়া কর্মসূচি ঘোষণা করেছে।

গতকাল রোববার সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ধর্মঘট কর্মসূচি পালনশেষে বিকেলে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এ কর্মসূচি ঘোষণা করা হয়। কর্মসূচি হচ্ছে ঃ ১৩ই জুন থানা পর্যায়ে সমাবেশ ও নির্বাহী কর্মকর্তার কাছে স্মারকলিপি পেশ, ২৭শে জুন জেলা পর্যায়ে সমাবেশ ও জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি পেশ এবং ১২ই জুলাই বিভাগীয় শহরে সমাবেশ ও বিভাগীয় কমিশনারের কাছে স্মারকলিপি পেশ। এদিন সংবাদ সম্মেলনের মাধ্যমে আবার কর্মসূচি ঘোষণা করা হবে।

সংবাদ সম্মেলনে বিএনপি মহাসচিব আবদুল মান্নান ভুঁইয়া ও ছাত্র বিষয়ক সম্পাদক আমানউল্লাহ আমান বক্তব্য রাখেন। লিখিত বক্তব্য পড়ে শোনান ছাত্রদলের সাধারণ সম্পাদক নাসিরউদ্দিন আহমেদ পিন্টু। কর্মসূচি ঘোষণা করেন সংগঠনের সভাপতি হাবিব-উন-নবী সোহেল।